



Government of the People's Republic of Bangladesh  
Project Implementation Unit (PIU)  
National Agricultural Technology Programme- Phase II  
Project (NATP-2)  
Department of Agricultural Extension (DAE)  
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II  
প্রজেক্ট (এনএটিপি-২)  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।



‘কৃষিই সমৃদ্ধি’

স্মারক নং: পিআইইউ-এনএটিপি২-ডিএই/বিশেষ-০০৪ (৩৫০)

তারিখ: ১৭ মে ২০২০ খ্রিঃ।

প্রাপক

উপজেলা কৃষি কর্মকর্তা

..... উপজেলা (২৭০)

..... জেলা।

বিষয়: কোভিড-১৯ সংকটজনিত চ্যালেঞ্জ ও স্বাস্থ্য ঝুঁকি মোকাবিলা করে এনএটিপি ২-ডিএই ভুক্ত সিআইজি কৃষকদের কৃষি কার্যে অর্জিত সাফল্যের  
বিবরণ প্রকাশ ও প্রচারণা।

গত ১৫.০৫.২০২০ তারিখ এনএটিপি ২-পিএমইউ আয়োজিত ভিডিও কনফারেন্সে বিশেষভাবে উঠে আসে যে যথাযথ কর্মকৌশল নির্ধারণপূর্বক  
কোভিড-১৯ এর চলমান দীর্ঘ সংকটজনিত চ্যালেঞ্জ ও স্বাস্থ্য ঝুঁকি মোকাবিলা করে প্রকল্পের কর্মপ্রকল্পে কর্মকর্তাদের কর্মতৎপরতা বৃদ্ধি এবং  
সিআইজি কৃষকদের উৎসাহ ও উদ্দীপনা যোগানের মাধ্যমে কৃষি কার্যে বিশেষ সফলতা অর্জনের দৃষ্টান্ত রয়েছে। কিন্তু যথাযথ ডকুমেন্টেশন, প্রকাশনা ও  
প্রচারণার অভাবে অর্জিত সাফল্য দৃশ্যমান না হয়ে অন্তরালে থেকে যাচ্ছে। কনফারেন্সে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনাপূর্বক কোভিড-১৯ এর সংকট  
মোকাবিলায় অর্জিত সফলতাসহ প্রকল্পভুক্ত কার্যক্রমের সকল সাফল্য দৃশ্যমান ও সর্বজনবিদিত করে তোলার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়:

ক. সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী এবং কৃষকদের বিনিয়োগকৃত শ্রম, দক্ষতা ও সক্ষমতার স্বীকৃতি

খ. কোভিড-১৯ এর মত বিশ্ব সংকটপূর্ণ পরিস্থিতিতেও প্রকল্প কার্যক্রমের অর্জিত সাফল্য ও সক্ষমতা মূল্যায়নের যথার্থ সুযোগ সৃষ্টি

গ. অর্জিত সাফল্যের কর্মকৌশল/প্রযুক্তি গ্রহণ ও সম্প্রসারণে অপরাপর সিআইজি/নন-সিআইজি কৃষকের মাঝে অনুপ্রেরণা সৃষ্টি, ইত্যাদি।

উপর্যুক্ত বিষয়াদি বিবেচনাপূর্বক এনএটিপি ২-ডিএই এর আওতাভুক্ত সিআইজি কৃষকদের অর্জিত সাফল্য কাহিনী/সাফল্য গাঁথা স্বচ্ছ ও পরিচ্ছন্ন  
ফটোগ্রাফসহ স্থানীয় ও জাতীয় পত্র-পত্রিকা, টেলিভিশন, ফেজবুক বা সম্ভাব্য সকল ডিজিটাইজড প্রচার মাধ্যমে ক্রমান্বয়ে ও অগ্রাধিকার ভিত্তিতে  
প্রচারণার জন্য আপনাকে নির্দেশনা মোতাবেক অনুরোধ করা হলো এবং অনুলিপি আগামী ২০.০৫.২০২০ তারিখ হতে পর্যায়ক্রমে ই-মেইল:  
[rafiqnatptwo@gmail.com](mailto:rafiqnatptwo@gmail.com) যোগে অত্র পিআইইউ-এনএটিপি ২-ডিএই বরাবরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। ড. মোঃ  
রফিকুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, এনএটিপি-২, ডিএই; মোবাইল: ০১৭১৫১৩৫৪০৬ এর সাথে প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে।

সম্ভাব্য সাফল্য কাহিনী রচনার সংক্ষিপ্ত রূপরেখা হতে পারে নিম্নরূপ:

ক. সংকট মোকাবিলায় এআইএফ-২ এর আওতায় বিতরণকৃত ফসল কর্তন ও মাড়ই/প্রক্রিয়াজাত যন্ত্রাদি যেমন: হার্ভেস্টার/রিপার, গ্রেসার, সোলার  
ড্রায়ার, ইত্যাদি এবং এআইএফ-২/এআইএফ-৩ এর আওতায় উৎপাদিত পণ্যাদি বাজারজাতকরণে ভ্যান গাড়ি, স্টোরেজ সুবিধা, ইত্যাদি ব্যবহারের  
সাফল্য কাহিনী: উপকারভোগী সিআইজি/নন-সিআইজি কৃষক সংখ্যা, গুণগত ও পরিমাণগত তথ্যাদি, কর্মদক্ষতা ও সক্ষমতার বিবরণ, শ্রম সাশ্রয়,  
আয়-ব্যয়ের বিবরণ, সিআইজি'র আয় বর্ধন, বাজার সংযোগ/প্রবেশ, ন্যায্য মূল্য প্রাপ্তি, ফসল সংগ্রহ/সংগ্রহোত্তর ক্ষতি হ্রাস, ইত্যাদির সমন্বয়

খ. যৌথ বাজার ব্যবস্থা/কালেকটিভ মার্কেটিং: মূল্য সংযোজনসহ সংশ্লিষ্ট সকল তথ্যাদি

গ. কৃষি উপকরণ সংগ্রহে সিআইজি/আন্তঃসিআইজি/প্রডিউসার অর্গানাইজেশনের ভূমিকা

ঘ. অন্যান্য।

১৭.০৫.২০২০

(আজহারুল ইসলাম সিদ্দিকী)  
পরিচালক

সদয় জ্ঞাতার্থে:

১. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
২. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক, ..... অঞ্চল (১৪)।
৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... জেলা (৫৭)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক (পিএফএমও), পিআইইউ-এনএটিপি ২-ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৭. জনাব ..... উপপরিচালক (ওএমই)/অতিরিক্ত উপপরিচালক (এফএমপি), পিআইইউ-এনএটিপি ২-ডিএই,  
খামারবাড়ি, ঢাকা (৫)। আপনাকে নির্দেশিত কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।



